

গবেষণা প্রস্তাব আহবান

কেন্দ্রের ২০১৭-২০১৮ অর্থ বছরের রাজস্ব বাজেটের অধীনে গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য কেন্দ্রের অনুষদ সদস্য ও কেন্দ্র বহির্ভূত অভিজ্ঞ গবেষকগণের নিকট থেকে নিম্নোক্ত শর্তানুসারে গবেষণা প্রস্তাব আহবান করা হচ্ছে:

১। গবেষণা প্রস্তাবঃ

ক. গবেষণার বিষয় নিম্নরূপ পরিধিভুক্ত হতে পারেঃ

- 1) Post Training Utilisation (PTU) of Different Courses Conducted by BPATC.
- 2) Training Needs Analysis (TNA) of the Participants of Different Courses Conducted by BPATC.
- 3) Assessment of The Quality of Public Service Delivery at Grassroots Level in Bangladesh.
- 4) Gender Sensitivity and Civil Service in Bangladesh.

এছাড়াও সুশাসন, মানব সম্পদ ব্যবস্থাপনা/উন্নয়ন সম্পর্কিত বিষয়ে গবেষণা প্রস্তাব জমা দেয়া যাবে।

খ. গবেষণা প্রস্তাব ৫-৭ পৃষ্ঠার মধ্যে সীমিত রাখতে হবে এবং যে স্পেসিফিকেশন অনুসরণ করতে হবে তা হলোঃ পৃষ্ঠার উপরে ও নীচে ১" এবং বামে ও ডানে ১.৫" মার্জিন; প্রস্তাব ইংরেজি ভাষায় হলে Times New Roman, Font size 12 আর বাংলা ভাষায় হলে Nikosh, Font size 12 হতে হবে। উভয় ভাষার ক্ষেত্রে Line spacing হবে 1.5।

গ. সকল গবেষণা কার্যক্রম কেন্দ্রের গবেষণা নীতিমালায় বর্ণিত নিয়মাবলী মোতাবেক পরিচালিত হবে।

২। গবেষণা প্রস্তাবের বিষয়সমূহঃ

গবেষণা প্রস্তাবে প্রধানতঃ নিম্নলিখিত বিষয়াদি অন্তর্ভুক্ত থাকবেঃ

- (ক) ভূমিকা/গবেষণা সমস্যা (Research Problem)
- (খ) গবেষণার যৌক্তিকতা
- (গ) গবেষণার উদ্দেশ্য
- (ঘ) গবেষণার পরিধি
- (ঙ) গবেষণা পদ্ধতি (বিশদ বিবরণসহ)
- (চ) বিশ্লেষণ/উপাত্ত উপস্থাপন পরিকল্পনা
- (ছ) গবেষণা প্রকল্পে নিয়োগযোগ্য ব্যক্তিবর্গ
- (জ) কর্ম পরিকল্পনা/সময়সীমা
- (ঝ) বাজেট
- (ঞ) গবেষণা প্রকল্পের পরিচালক এবং/অথবা যুগ্ম-পরিচালকের জীবন বৃত্তান্ত।

৩। কেন্দ্রের অনুষদ সদস্যগণের সাথে কেন্দ্র বহির্ভূত অভিজ্ঞ গবেষকগণ যৌথভাবে গবেষণা প্রস্তাব পেশ করবেন।

৪। গবেষণা প্রকল্পের বাজেট অনূর্ধ্ব ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা।

৫। কেন্দ্রের বর্তমান গবেষণা নীতিমালার ৪.৬.৪ সংখ্যক অনুচ্ছেদ অনুযায়ী কোন গবেষণা প্রকল্পে কেন্দ্র বহির্ভূত গবেষক যুক্ত থাকলে সেক্ষেত্রে কেন্দ্রের সংশ্লিষ্ট গবেষকের অনুকূলে অর্থ ছাড় করা হবে এবং তিনি প্রকল্পের সকল আর্থিক দায়-দায়িত্ব বহন করবেন।

প্রস্তাব নিম্নস্বাক্ষরকারীর নিকট জমা দিতে হবে।

প্রাপ্ত গবেষণা প্রস্তাবসমূহ বাছাইপূর্বক শুধুমাত্র উপরে উল্লেখিত স্পেসিফিকেশন ও কাঠামো অনুসারে দাখিলকৃত প্রস্তাব অনুযায়ী সেমিনারে উপস্থাপনা করা হবে। উপস্থাপিত প্রস্তাবগুলো সেমিনারের রিপোর্টসহ গবেষণা কমিটির নিকট পেশ করা হবে। গবেষণা কমিটি কর্তৃক সুপারিশকৃত গবেষণা প্রস্তাবসমূহ অনুমোদনের জন্য রেক্টর মহোদয় সমীপে পেশ করা হবে।

(মোঃ শফিকুল হক)

পরিচালক (গবেষণা ও উন্নয়ন)

টেলিফোন: ০২-৭৭৪৬৬০৬

মোবাইল- ০১৫৫২৩২৯০২৮

ই-মেইল:shafiqulh@gmail.com

নং- নং- ০৫.০১.২৬৭২.০৭৫.১৪.০১০.১৪-০১

তারিখঃ ২১ পৌষ ১৪২৩/০৪ জানুয়ারি ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা; জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার; চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম; রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
৩. রেক্টর, বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা।
৪. এমডিএস (আর অ্যান্ড সি), বিপিএটিসি, সাভার, ঢাকা।
৫. মহাপরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি), নীলক্ষেত, ঢাকা।
৬. মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), ঢাকা।
৭. মহাপরিচালক, বাংলাদেশ একাডেমি ফর রুরাল ডেভেলপমেন্ট (বার্ড), কুমিল্লা।
৮. মহাপরিচালক, রুরাল ডেভেলপমেন্ট একাডেমি (আরডিএ), বগুড়া।
৯. মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
১০. চেয়ারম্যান, বাংলাদেশ ইনস্টিটিউট অব ডেভেলপমেন্ট স্টাডিজ (বিআইডিএস), ঢাকা।
১১. পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (আইইআর), ঢাকা বিশ্ববিদ্যালয়।
১২. পরিচালক, ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ (আইবিএস), রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
১৩. সকল অনুযয় সদস্য, বিপিএটিসি, সাভার, ঢাকা।
১৪. পিএস টু রেক্টর (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য), বিপিএটিসি, সাভার, ঢাকা।
১৫. বিপিএটিসি ওয়েব সাইট (www.bpatc.org.bd)।
১৬. সংশ্লিষ্ট নথি।

(মোঃ শফিকুল হক)

পরিচালক (গবেষণা ও উন্নয়ন)

টেলিফোন: ০২-৭৭৪৬৬০৬

মোবাইল- ০১৫৫২৩২৯০২৮

ই-মেইল:shafiqulh@gmail.com

ই-মেইল:shafiqulh@gmail.com